

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৪১

১২/ কুরআন

পরিচ্ছেদঃ সুললিত কণ্ঠে কুরআন পড়া মুস্তাহাব। মধুরকণ্ঠের কারীকে তা পড়ার আবেদন করা ও তা মনোযোগ সহকারে শোনা প্রসঙ্গে

আববী

وَعَنِ ابْنِ مَسْعُودِ قَالَ: قَالَ لِي النَّبِيُّ عَيْلِ اِقْرَأْ عَلَيَّ القُرْآنَ فَقُلْتُ: يَا رَسُولَ اللهِ، أَقْرَأُ عَلَيْ وَعَلَيْكَ وَعَلَيْكَ أَنْزِلَ قَالَإِنِّي أُحِبُّ أَنْ أَسْمَعَهُ مِنْ غَيْرِيفَقَرَأْتُ عَلَيْهِ سُورَةَ النِّسَاءِ حَتَّى جَلِّتُ إِلَى هَذِهِ الآيَةِ: فَكَيْفَ إِذَا جِئْنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ وَجِئْنَا بِكَ عَلَى هَوُّلاَءِ شَهِيداً قَالَ جَنْنَاهُ تَذْرِفَانِ مَتفقٌ عَلَيْهِ

বাংলা

(১৪৪১) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, (হে ইবনে মাসউদ!) আমাকে কুরআন পড়ে শুনাও। আমি বললাম, হে আল্লাহর রসূল! আমি আপনাকে পড়ে শোনাব, অথচ আপনার উপরে তা অবতীর্ণ করা হয়েছে?' তিনি বললেন, অপরের মুখ থেকে (কুরআন পড়া) শুনতে আমি ভালবাসি। সুতরাং তাঁর সামনে আমি সূরা নিসা পড়তে লাগলাম, পড়তে পড়তে যখন এই (৪১) আয়াতে পৌঁছলাম—যার অর্থ, তখন তাদের কী অবস্থা হবে, যখন প্রত্যেক সম্প্রদায় থেকে একজন সাক্ষী উপস্থিত করব এবং তোমাকেও তাদের সাক্ষীরূপে উপস্থিত করব? তখন তিনি বললেন, যথেষ্ট, এখন থাম। অতঃপর আমি তাঁর দিকে ফিরে দেখি, তাঁর নয়ন যুগল অশ্রু ঝরাচ্ছে।

ফুটনোট

(বুখারী ৪৫৮২, মুসলিম ১৯০৩-১৯০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন